

মাতাল অবস্থায় উড়োজাহাজ চালিয়ে গ্রেফতার হলেন পাইলট

- A Monitor Desk Report

Date: 31 March, 2024



দিল্লি: খাইল্যান্ডের দক্ষিণ-পূর্বের শহর ফুকেত থেকে উড়োজাহাজ চালিয়ে ভারতের রাজধানী দিল্লিতে পৌঁছার পর মাতাল অবস্থায় পাইলট গ্রেফতার হয়েছেন।

ভারতে ফেরার পর নিয়মানুসারে পাইলটের একটি রেথলাইজার (বিএ) পরীক্ষা করা হয়েছিল। সেই পরীক্ষাতেই অ্যালকোহল সেবন করেছেন বলে জানা যায়।

এ ব্যাপারে এয়ার ইন্ডিয়া জানিয়েছে, আমাদের এ জিনিসগুলোর প্রতি কোনো সহনশীলতা নেই এবং আমরা অত্যন্ত কঠোর পদক্ষেপ নিয়েছি। শুধুমাত্র ওই পাইলটের পরিষেবা বন্ধ করাই নয় বরং অ্যালকোহলের প্রভাবে কোনো ফ্লাইট উড়িয়ে নিয়ে আসা একটি অপরাধমূলক কাজ বলেও এফআইআর দায়ের করার পরিকল্পনাও করছি। বিষয়টি ডিরেক্টরেট জেনারেল অব সিভিল এভিয়েশনকে (ডিজিসিএ) জানানো হয়েছে।

ফ্লাইট নিয়ে আসার পর প্রায়ই আন্তর্জাতিক ফ্লাইটের ক্রুদের পরীক্ষা করা হয়। সাধারণত জাহাজে অ্যালকোহল পরিবেশন করা হয়। আর অ্যালকোহল খেয়ে ফ্লাইট পরিচালনা করা খুবই বিপজ্জনক।

ভারতের অভ্যন্তরীণ ফ্লাইট ক্রুদের জন্য ফ্লাইটের আগে বিএ পরীক্ষা করা হয়। কারণ ভারতের মধ্যে যেকোনও ফ্লাইটে একেবারেই অ্যালকোহল পরিবেশন করা হয় না।

দ্বিতীয়বার ব্যর্থ হলে লাইসেন্স তিন বছরের জন্য স্থগিত করা হয়। আর একই ব্যক্তি তৃতীয়বার ধরা পড়লে তার লাইসেন্সই বাতিল হয়ে যায়।

-B

